

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন, (৮ম তলা, ব্লক-এ)
ই, ২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং - ৫২.০১.০০০০.১০৮.২৬.০২৩.০৬(অংশ-০২)-১৬৮৯

তারিখ: ২৭ জুলাই, ১৪২৫ বঙ্গাব্দ
২০, জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

অকেজো গাড়ি নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ০৩ (তিন)টি অকেজো গাড়ি নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক, আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ ক্রেতাদের নিকট হতে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। অকেজো ০৩ (তিন)টি গাড়ি নিলামে বিক্রয়ের জন্য ০১ (এক)টি সিডিউল ক্রয় করতে হবে। পরিসংখ্যান ভবনের ৮ম তলায় এফএ এন্ড এমআইএস এর যানবাহন শাখা (কক্ষ নং-৮১৬) হতে নগদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকায় সিডিউল ক্রয় করা যাবে। দৈনিক পত্রিকায় গাড়ি নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২৮/০৬/২০১৮ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ে অকেজো ০৩ (তিন)টি গাড়ি নিলামে বিক্রয়ের শর্তাবলী সম্বলিত সিডিউল সংগ্রহ করা যাবে। সিডিউল ক্রয় ব্যতীত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। অফিস চলাকালীন সময়ে ইচ্ছুক ব্যক্তি / প্রতিষ্ঠান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ের বেইজমেন্ট ও আশিনায় রক্ষিত অকেজো গাড়িগুলি দেখতে পারবেন। যে কোন ব্যক্তি / প্রতিষ্ঠান / দরদাতা একটি সিডিউলে এক বা একাধিক গাড়ির জন্য পৃথকভাবে দর উল্লেখ করে দর প্রস্তাব দাখিল করতে পারবেন। দর প্রস্তাবের সাথে প্রতিটি গাড়ির জন্য আলাদাভাবে উদ্ধৃত মূল্যের ১০% টাকা জামানত হিসাবে (ফেরতযোগ্য) বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা এর অনুকূলে দাখিল করতে হবে। দরপত্র দাখিলের জন্য টেন্ডার ব্যাল, এফএ এন্ড এমআইএস পরিসংখ্যান ভবন, (৮ম তলা, ব্লক-এ) ই ২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭ এ রক্ষিত থাকবে। আগ্রহী দরদাতাগণ আগামী ২৮/০৬/২০১৮ ইং তারিখ ২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র দাখিল করতে পারবেন এবং ঐদিন উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) বেলা ২.৩০ ঘটিকায় এফএ এন্ড এমআইএস এর উপ-পরিচালক (সমন্বয়) এর দপ্তরে (কক্ষ নং-৮১৮) দরপত্র সমূহ খোলা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।



মোহাম্মদ আবদুল কাদির মিয়া
পরিচালক

ফোন: ৮১৮১৪২১

ই-মেইল:

makm.fyff@yahoo.com